

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান
বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৭.০৩৪.২১.৩১

তারিখ: ২২ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত Metal buckle, Metal clip, plastic hanger, paper tag টেক্সটাইল সহযোগী যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর জন্য সুপারিশ প্রেরণ প্রসংগে।

সূত্র: আবেদনপত্র নং-২৭৬, তারিখ: ৩১/০৩/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সুয়াংওয়ে ক্লোথিং এক্সেসরিজ লিমিটেড, অফিস ও কারখানা: বাড়ি নং-২৬, কুটুরিয়া, সাভার ক্যান্টনমেন্ট, আশুলিয়া, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “গার্মেন্টস এক্সেসরিজ” উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন নং- বস্ত্র/এমআই/আরএমজি/০০০০০২১-১৯, তারিখ: ২৮/০৭/২০১৯ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত Metal buckle, Metal clip, plastic hanger, paper tag টেক্সটাইল সহযোগী যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত Metal buckle, Metal clip, plastic hanger, paper tag টেক্সটাইল সহযোগী যন্ত্রাংশসমূহের ইনভয়েস নং- B2BUCKLE, তারিখ: ১০/০৩/২০২৪ খ্রিঃ, বিএল নং- LGZCGP24304286PH, তারিখ: ১৮/০৩/২০২৪ খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ২,৮৮০.০০ ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত Metal buckle, Metal clip, plastic hanger, paper tag টেক্সটাইল সহযোগী যন্ত্রাংশসমূহ কারখানার অবস্থান বাড়ি নং-২৬, কুটুরিয়া, সাভার ক্যান্টনমেন্ট, আশুলিয়া, ঢাকা এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত Metal buckle, Metal clip, plastic hanger, paper tag টেক্সটাইল সহযোগী যন্ত্রাংশসমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।



০৫-০৪-২০২৪

মো: সাইফুর রহমান

উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৭.০৩৪.২১.৩১/১ (৫)

তারিখ: ২২ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, সুয়াংওয়ে ক্লোথিং এক্সেসরিজ লিমিটেড, অফিস ও কারখানা: বাড়ি নং-২৬, কুটুরিয়া, সাভার ক্যান্টনমেন্ট, আশুলিয়া, ঢাকা;
- ৪। সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। অফিস কপি।



০৭-০৪-২০২৪

কামরুল আলম

সহকারী পরিচালক